

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৯৬

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الفضائل والشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিয়ার বর্ণনা

### الفصل الاول (باب في المعجزا)

আরবী

وَعَنْهُ إِنَّكُمْ تَقُولُونَ أَكْثَرَ أَبُو هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهُ الْمَوْعِدُ وَإِنَّ إِخْوَتِي مِنَ الْمُهَاجِرِينَ كَانَ يَشْغَلُهُمُ الصَّفْقُ بِالْأَسْوَاقِ وَإِنَّ إِخْوَتِي مِنَ الْأَنْصَارِ كَانَ يَشْغَلُهُمْ عَمَلُ أَمْوَالِهِمْ وَكُنْتُ أَمْرًا مِسْكِينًا أَلْزَمَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيَّ مَلءَ بَطْنِي وَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا: «لَنْ يَبْسُطَ أَحَدٌ مِنْكُمْ ثَوْبَهُ حَتَّى أَقْضِيَ مَقَالَتِي هَذِهِ ثُمَّ يَجْمَعُهُ إِلَى صَدْرِهِ فَيَنْسَى مِنْ مَقَالَتِي شَيْئًا أَبَدًا» فَبَسَطْتُ نَمْرَةً لَيْسَ عَلَيَّ ثَوْبٌ غَيْرُهَا حَتَّى قَضَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَقَالَتَهُ ثُمَّ جَمَعْتُهَا إِلَى صَدْرِي فَوَالَّذِي بَعَثَهُ بِالْحَقِّ مَا نَسِيتُ مِنْ مَقَالَتِهِ تِلْكَ إِلَى يَوْمِي هَذَا. مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (2350) و مسلم (160 ، 159 / 2492) ، (6397 و 6399)

(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৮৯৬-[২৯] উক্ত রাবী [আবু হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি তাঁর কোন কোন সমালোচকদের উদ্দেশ্য করে বললেন, তোমরা বলে থাক, আবু হুরায়রাহ্ নবী (সা.) হতে অধিক সংখ্যক হাদীস বর্ণনা করে থাকে। অথচ আল্লাহর সামনে সকলকে উপস্থিত হতে হবে। প্রকৃত ব্যাপার হলো, আমার মুহাজির ভাইগণ অধিকাংশ সময় বাজারে ক্রয়-বিক্রয় নিয়ে ব্যস্ত থাকতেন। আর আমার আনসারী ভাইয়ের বাগানে খামারে লিপ্ত থাকতেন। আর আমি ছিলাম একজন দরিদ্র লোক। তাই আমি পেটে যা জুটে তার উপর তৃপ্ত থেকে রাসূলুল্লাহ (সা.) -এর কাছে উপস্থিত থাকতাম। একদিন নবী (সা.) বললেন, আমার এ উক্তি (বিশেষ দুআ) শেষ হওয়া অবধি তোমাদের যে কেউ তার কাপড় (চাদর) প্রসারিত রাখবে এবং আমার কথা শেষ হওয়ার পর তা গুটিয়ে স্বীয় বুকের সাথে

জড়িয়ে নেবে, সে আমার কোন উক্তি কখনো ভুলবে না। (আবু হুরায়রাহ বলেন, এ কথা শুন্যর পর) আমি আমার চাদরখানা প্রসারিত করে দিলাম, তা ব্যতীত আমার কাছে অন্য কোন কাপড় ছিল না। পরিশেষে নবী (সা.) কথা বলা শেষ করলে আমি তাকে আমার বুকের সাথে চেপে ধরলাম। সেই মহান সত্তার শপথ! যিনি তাঁকে সত্য সহকারে প্রেরণ করেছেন, সে সময় হতে আজ অবধি তাঁর কোন কথা আর আমি ভুলিনি। (বুখারী ও মুসলিম)

## ফুটনোট

সহীহ: বুখারী ১১৮, মুসলিম ১৬০-(২৪৯৩), আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৫৮৬৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: লোকেরা আবু হুরায়রাহ্ (রাঃ)-এর ব্যাপারে বলাবলি করত যে, আবু হুরায়রাহ্ নবী (সা.) থেকে বেশি বেশি বর্ণনা করে। তাই তিনি নিজেই তার বিষয়টি স্পষ্ট করে দিয়ে বলেন, (وَاللَّهُ الْمَوْعِدُ) অর্থাৎ আল্লাহর কাছেই রয়েছে তার জন্য নির্ধারিত সময়। মিরকাত প্রণেতা বলেন, আবু হুরায়রাহ্ -এর এ কথা দ্বারা উদ্দেশ্য হলো, আমি কম করি বা বেশি করি এ ব্যাপারে কিয়ামতের দিন আল্লাহই আমার থেকে হিসাব নিবেন। বিশেষ করে যদি তা আল্লাহর রসূলের ব্যাপারে হয় তাহলে তো বিষয়টি আরো কঠিন হবে।

তাছাড়াও রাসূলুল্লাহ (সা.) অন্য হাদীসে বলেন, (مَنْ كَذَبَ عَلَيَّ مُتَعَمِّدًا مَقَعَهُ مِنَ النَّارِ) অর্থাৎ যে ব্যক্তি আমার ব্যাপারে বানিয়ে কোন মিথ্যা বলল, সে যেন তার জায়গা জাহান্নাম বানিয়ে নিলো।

এ হাদীসে আবু হুরায়রাহ্ (রাঃ) বলেন যে, আল্লাহর রাসূল (সা.) থেকে তিনি বেশি সংখ্যক হাদীস বর্ণনা করেছেন। এর কারণ হলো, অন্যান্য মুহাজির সাহাবীরা নিজেদের প্রয়োজনে ব্যবসা-বাণিজ্য করত আর আনসার সাহাবীরা কৃষিকাজ করত। কিন্তু আমি এসব কোনটিই করতাম না। বরং সর্বদা রাসূলুল্লাহ (সা.) -এর খিদমতে পড়ে থাকতাম। আর তিনি (সা.) যখনই কোন হাদীস বলতেন আমি তা শুনে মুখস্থ করে নিতাম। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85872>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন